যুগান্তর

২৯/৪/২০০১
তারিখ ... পৃষ্ঠা ১১ কলাম ৪

### কলেজ শিক্ষকরা আন্দোলনে নেমেছেন

# পার্বতীপুরে এইচএসসি পরীক্ষায় নকলে বাধা দান : শিক্ষক প্রহৃত

পার্বতীপুর প্রতিনিধি

এইচএসসি পরীক্ষায় নকলে বাধা দেয়ায় বৃহস্পতিবার পার্বতীপুরে এক কলেজ শিক্ষককে নকলবাজ ছাত্র বেদম প্রহার করেছে। এ ঘটনার প্রতিবাদে উপজেলার সব কলেজ শিক্ষক আন্দোলনের ডাক দিয়েছেন। তাদের ৩ দফা দাবি পূরণ করা না হলে পরবর্তী পরীক্ষাগুলো বর্জনের ঘোষণা দেয়া হয়েছে।

বৃহস্পতিবার পার্বতীপুর ডিগ্রি কলেজের ভেনু বালিকা পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রের ৪নং কক্ষে পরিদর্শক ছিলেন আইডিয়াল কলেজের প্রভাষক মোঃ মোমিনুল ইসলাম। তিনি নকলে বাধা দেন। এ ঘটনায় ক্ষিপ্ত এক পরীক্ষার্থী প্রভাষক মোমিনুল ইসলামের বাড়ি ফেরার সময় শহরের ঢাকা মোড়ে পথ আগলে তাকে বেদম প্রহার করে। সংজ্ঞাহীন অবস্থায় প্রভাষককে দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ওইদিন সন্ধ্যায় উপজেলার সব কলেজ শিক্ষকগণ এক জরুরি সভা করেন।

শনিবার কলেজ শিক্ষকরা এ ঘটনার প্রতিবাদে কালো ব্যাজ ধারণ করেন। তারা অধ্যাপক ফয়জুর রহমানকে আহ্বায়ক করে ৭ সদস্যবিশিষ্ট আন্দোলন পরিচালনা কমিটি গঠন করেন। এ কমিটি আজ রোববারের মধ্যে নকলবাজ সন্ত্রাসী পরীক্ষার্থীকে গ্রেফতার, ৫ বছরের জন্য বহিষ্কার ও পরীক্ষা চলাকালে শিক্ষকদের নিরাপত্তা বিধানের দাবি করেছে। অন্যথায় পরবর্তী পরীক্ষাসমূহ বর্জনের ঘোষণা দিয়েছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসারের কাছে একটি স্মারকলিপিও প্রদান করেছেন কলেজ শিক্ষকরা।